



## জাতীয় স্বার্থে ফ্যাসিবাদবিরোধী শক্তিকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জামায়াত আমিরের



জামায়াত আমির: সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করে দল-মত-ধর্ম-বর্ণ নির্বিশেষে জাতীয় স্বার্থে সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী'র আমির ডা. শফিকুর রহমান।

একটি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, “আমাদের মধ্যে মত ও পথের ভিন্নতা থাকতেই পারে। কিন্তু এই ভিন্নতা সত্ত্বেও ফ্যাসিবাদ, জাতীয় স্বার্থবিরোধী কর্মকাণ্ড এবং সমাজের শৃঙ্খলা বিনষ্টকারী অপশক্তির বিরুদ্ধে আমাদেরকে এক হয়ে রুখে দাঁড়াতেই হবে।”

ডা. শফিকুর রহমান তাঁর দলীয় সহকর্মীদের প্রতি ধৈর্য অবলম্বনের আহ্বান জানিয়ে বলেন, “আমরা যেভাবে ধৈর্যের পরিচয় দিয়ে আসছি, সেভাবেই এই ধৈর্য অব্যাহত রাখতে হবে। আমরা কারো পাতা ফাঁদে পা দেব না। জাতীয় স্বার্থবিরোধীদের ব্যাপারে কোনো ছাড় দেওয়া হবে না।”

তিনি আরও বলেন, “ছাত্র, শ্রমিক ও আপামর জনতার ঐক্য যেন অটুট থাকে—এটাই আমাদের কামনা। সবাই মিলে আমরা আগামী প্রজন্মের জন্য একটি নিরাপদ ও প্রত্যাশিত ভবিষ্যৎ তৈরি করব, ইনশাআল্লাহ।”

বিবৃতির মাধ্যমে তিনি জাতীয় ঐক্যের গুরুত্ব পুনর্ব্যক্ত করে বলেন, “জাতীয় স্বার্থের জায়গায় কোনো ছাড় দেওয়া যাবে না। দল-মত, জাতি-ধর্ম নির্বিশেষে আমাদের নিবিড় জাতীয় ঐক্য গড়ে তুলতেই হবে। আমাদের অবস্থান থেকে আমরা সব সময় প্রস্তুত।”